



খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০২)

তারিখ : ০৮-০৪-২০২৬ খ্রি.

নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ডিসিপ্রিনে প্রভাষক (বেতনক্রম ২২,০০০-৫৩,০৬০/- টাকা) এর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	স্থান	ডিসিপ্রিন	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
১.	প্রভাষক (গ্রেড-০৯)	সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	স্থাপত্য	০১ (এক) টি	
			পদার্থ বিজ্ঞান	০১ (এক) টি	
		ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট	০১ (এক) টি	
			এগ্রোটেকনোলজি	০২ (দুই) টি	(উন্নয়নকর্ম / সৃষ্টিকর্ম বিভাগে উচ্চতর তত্ত্বাবধায়ী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে)
		জীব বিজ্ঞান	ফার্মেসী	০১ (এক) টি	
		কলা ও মানবিক	ইতিহাস ও সভ্যতা	০১ (এক) টি	
		সামাজিক বিজ্ঞান	অর্থনীতি	৪ (চার) টি	
চারুকলা	ডাফর্ম	০১ (এক) টি			
			প্রিন্ট মেকিং	০১ (এক) টি	

যোগ্যতাঃ

- প্রার্থীর কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট/এলাইড বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
- সংশ্লিষ্ট প্রার্থীকে-
 - সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন বিজ্ঞান, জীব বিজ্ঞান স্কুলভুক্ত ডিসিপ্রিনসমূহের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট/এলাইড বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
 - কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং চারুকলা স্কুলভুক্ত ডিসিপ্রিনসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট/এলাইড বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় যে কোনো একটিতে কমপক্ষে প্রথম শ্রেণি থাকতে হবে। অথবা সিজিপিএ ৪.০০ স্কেলের যে কোনো একটিতে ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।
 - চারুকলা স্কুলভুক্ত প্রিন্টমেকিং ডিসিপ্রিনে Art History এবং Graphic Design সংযুক্ত/এলাইড বিষয় হিসেবে গণ্য হবে।
- স্থাপত্য ডিসিপ্রিনের ক্ষেত্রে শুধুমাত্র স্নাতক (০৫ বছর মেয়াদী) পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। অথবা স্নাতক (০৫ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে ন্যূনতম ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।
- সকল স্কুলভুক্ত ডিসিপ্রিনসমূহের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে। অথবা সিজিপিএ (৫.০০+৫.০০)-এর মধ্যে কমপক্ষে মোট ৯.০০ থাকতে হবে। তবে চারুকলা স্কুলভুক্ত ডিসিপ্রিনসমূহের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষার একটিতে প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে। অথবা সিজিপিএ (৫.০০+৫.০০)-এর মধ্যে কমপক্ষে মোট ৮.০০ থাকতে হবে, তবে কোনোটিতে সিজিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে না।

আবেদনের শর্তাবলী :

- আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূর্ণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ক্রমিক ১নং ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ক্রমিক ১নং ৬০০/- (ছয়শত) অনলাইন (Online) এ পেমেণ্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত প্রিন্ট সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) এ আবেদন ফরম, পেমেণ্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনের নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://www.ku.ac.bd/career>) পাওয়া যাবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।
- চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:
 - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি
 - সকল মার্কসিট/ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি (শুধুমাত্র প্রভাষক পদের জন্য)
 - জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি
 - সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও আবেদনের জন্য বিবেচিত হবেন না।
- আবেদনপত্র আগামী ০৮-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০২৬ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (বিকাল ৪:০০ টার মধ্যে) ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে। অন্যথায় তাঁর আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয় / অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দণ্ডে দণ্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থীদের কোনো ধরণের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বিষয়টির উল্লেখ থাকতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ. প্রদান করা হবে না।
- উপরোক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- নিয়োগ সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা